রাজশাহী বিশ্ববিদ্যালয়

২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক / স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি পরীক্ষায় বিভিন্ন ইউনিট/বিভাগ/ইনস্টিটিউট এর শর্তসমূহ নিম্নরূপ:

২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১মবর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে ভর্তি পরীক্ষায় **ইউনিট A (কলা অনুষদ, আইন অনুষদ, সামাজিক বিজ্ঞান অনুষদ, চারুকলা অনুষদ এবং শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট**) এর শর্তসমূহ নিম্নরূপ:

পরীক্ষার ধরণ : MCQ	পরীক্ষার সময়: ১ ঘন্টা	প্রশ্ন সংখ্যা: ৮০	পূর্ণমান: ১০০	পাশ নম্বর: ৪০
সঙ্গীত; নাট্যকলা; চিত্রকলা, প্রাচ্যকলা ও ছাপচিত্র; মৃৎশিল্প ও ভাস্কর্য এবং গ্রাফিক ডিজাইন, কারুশিল্প ও শিল্পকলার ইতিহাস বিভাগসমূহের ব্যবহারিক পরীক্ষার পূর্ণমান ১০০				ব্যবহারিক পরীক্ষায় পাশ নম্বর ৪০
A- ইউনিট (কলা অনুষদ, আইন অনুষদ, সামাজিক বিজ্ঞান অনুষদ ও চারুকলা অনুষদ এবং শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট) এর MCQ প্রশ্নপত্রে ক, খ, গ ৩টি অংশ থাকবে। পরীক্ষার মানবন্টন নিম্নরূপ:				

অংশ	মানবন্টন
ক. বাংলা	৩০ নম্বর
খ. ইংরেজি	৩০ নম্বর
গ. সাধারণ জ্ঞান	৪০ নম্বর
মোট	১০০ নম্বর

প্রাথমিক আবেদন থেকে A- ইউনিটে ৪৫ হাজার (১৫,০০০+১৫,০০০+১৫,০০০) শিক্ষার্থী বাছাইয়ের ক্ষেত্রে ৬০% মানবিক শাখা হতে এবং ৪০% মানবিক ব্যতিত অন্যান্য শাখা হতে নির্ধারণ করতে হবে।

A ইউনিটে (কলা অনুষদ, আইন অনুষদ, সামাজিক বিজ্ঞান অনুষদ ও চারুকলা অনুষদ এবং শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট) ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ সম্মান শ্রেণীতে ভর্তি পরীক্ষার বিভাগীয় শর্তসমূহ নিম্নরূপ :

ক্রম	বিভাগের নাম	প্রশ্নের ধরন	পরীক্ষার বিষয়, মানবন্টন ও বিশেষ শর্তসমূহ
১.	দর্শন বিভাগ	MCQ	যারা উচ্চ মাধ্যমিক পর্যায়ে ২০০ নম্বরের যুক্তিবিদ্যা পড়েছে তাদের জন্য বিভাগে ৪০% আসন বরাদ্দ থাকবে।
২.	ইতিহাস বিভাগ		যাদের উচ্চ মাধ্যমিক পর্যায়ে ইতিহাস (সাধারণ ইতিহাস) বিষয় ছিল তাদের জন্য ৪০টি আসন সংরক্ষিত থাকবে।
৩.	ইংরেজি বিভাগ		ইংরেজি বিভাগে ভর্তির ক্ষেত্রে MCQ পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীদের মধ্য হতে ইংরেজি অংশে (৩০ নম্বরের মধ্যে) প্রাপ্ত সর্বোচ্চ নম্বরের ভিত্তিতে ১০০০ জন (তিন শিফট মিলে) পরীক্ষার্থী নিয়ে ৫০ নম্বরের (Reading Comprehension 25, Essay-25) বিভাগের অধীনে লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। লিখিত পরীক্ষার পাশ নম্বর ২০। শুধুমাত্র লিখিত পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতেই ইংরেজি বিভাগ মেধা তালিকা ও অপেক্ষমান তালিকা প্রস্তুত করবে।
৪.	বাংলা বিভাগ		প্রার্থীকে উচ্চ মাধ্যমিক/সমমান পর্যায়ে ২০০ নম্বরের বাংলা পড়ে আসতে হবে। মোট আসন সংখ্যার ৭৫% আসন উচ্চ মাধ্যমিকে মানবিক শাখার শিক্ষার্থীদের (সাধারণ শিক্ষাবোর্ড) এবং অবশিষ্ট ২৫% আসন মানবিক শাখা ব্যতিত অন্যান্য শাখার শিক্ষার্থীদের (সাধারণ ও অন্যান্য শিক্ষাবোর্ড হতে উত্তীর্ণ) জন্য সংরক্ষিত। বাংলা বিভাগে ভর্তির MCQ ক্ষেত্রে পরীক্ষায় বাংলা অংশে ৩০-এর মধ্যে ১২ নম্বর পেতে হবে।
৫.	ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ		ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের পৃথক কোন শর্ত নাই।
৬.	আরবী বিভাগ		আরবী বিভাগের মোট আসনের ৯৫% দাখিল/আলিম পাশ অথবা দাখিলসহ এইচ.এস.সি পাশ ছাত্র/ছাত্রীদের জন্য সংরক্ষিত থাকবে।
৭.	ইসলামিক স্টাডিজ		ইসলামিক স্টাডিজ বিভাগের মোট ভর্তির জন্য ৯০% এইচ.এস.সি/ সমমান পরীক্ষায় যাদের ইসলাম শিক্ষা অথবা আরবী বিষয় ছিল ও ১০% সাধারণ ছাত্র/ছাত্রীদের ভর্তির সুপারিশ করছে।
৮.	সঙ্গীত বিভাগ		সঙ্গীত বিভাগে ভর্তির ক্ষেত্রে MCQ পরীক্ষায় পাশ নম্বর হবে ৪০। MCQ পরীক্ষায় ৪০ নম্বর প্রাপ্ত/শিক্ষাথীদের জন্য ১০০ নম্বরের ব্যবহারিক পরীক্ষা হবে, যার পাশ নম্বর হবে ৪০। MCQ পরীক্ষার ফলাফল প্রকাশের ৩য় দিন থেকে ৭ম দিনের মধ্যে উক্ত বিভাগের ব্যবহারিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। MCQ ও ব্যবহারিক পরীক্ষায় প্রাপ্ত যৌথ নম্বরের ভিত্তিতে এ বিভাগের মেধা তালিকা প্রস্তুত করা হবে।
৯.	নাট্যকলা বিভাগ		নাট্যকলা বিভাগে ভর্তির ক্ষেত্রে MCQ পরীক্ষায় পাশ নম্বর হবে ৪০। MCQ পরীক্ষায় ৪০ নম্বর প্রাপ্ত ছাত্র/ছাত্রীদের জন্য ১০০ নম্বরের ব্যবহারিক পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে, যার পাশ নম্বর ৪০। MCQ এবং ব্যবহারিক পরীক্ষায় প্রাপ্ত যৌথ নম্বরের ভিত্তিতে চূড়ান্ত মেধা তালিকা প্রস্তুত করা হবে। MCQ পরীক্ষার প্রাথমিক ফল প্রকাশের ৩য় দিন থেকে ৭ম দিন পর্যন্ত নাট্যকলা বিভাগের ব্যবহারিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। একটি গ্রুপ থেকে আসন শূন্য থাকলে অন্য গ্রুপ থেকে তা পূরণ করা হবে। ব্যবহারিক পরীক্ষায় যেসব বিষয় বিবেচনা হবে তা হলো: অভিনয়, সঙ্গীত, বাদ্য, নৃত্য, আবৃত্তি, নাটক ও শিল্পকলা বিষয়ক ব্যবহারিক জ্ঞান। নাট্যকলা বিভাগে ভর্তি ইচ্ছুক শিক্ষার্থীদের OMR সিটে অবশ্যই নাট্যকলা বিষয়ক বৃত্তটি পুরণ করতে হবে। উল্লেখ্য যে, উক্ত সিদ্ধান্তটি ভর্তি পরীক্ষা বিজ্ঞপ্তিতে প্রকাশের নিমিত্তে অনুরোধ করা হলো।
১০	ফারসি ভাষা ও সাহিত্য বিভাগ		ফারসি ভাষা ও সাহিত্য বিভাগের ২০২০-২০২১ শিক্ষাবর্ষে প্রথমবর্ষ সম্মান শ্রেণীতে ছাত্র-ছাত্রী ভর্তির ক্ষেত্রে যে সকল শিক্ষার্থী এস.এস.সি/সমমান অথবা এইচ.এস.সি/ সমমান পরীক্ষায় ২০০ (দুইশত) নম্বরের ফারসি অথবা আরবী পড়েছে তাদের মধ্য থেকে মোট আসনের ৫০% ছাত্র-ছাত্রী এবং অবশিষ্ট ৫০% ছাত্র-ছাত্রী মেধা তালিকা থেকে ভর্তির জন্য বিভাগীয় একাডেমিক কমিটির অদ্যকার এই সভায় সুপারিশ করা হয়। এক্ষেত্রে কোন আসন শুন্য থাকলে তা যে কোন অংশ থেকে পূরণ করা হবে।
১১.	উর্দু বিভাগ		২০২০-২০২১ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ (সম্মান) ভর্তি পরীক্ষায় বিভাগীয় শর্তাবলী : এস.এস.সি./সমমান অথবা এইচ.এস.সি./সমমান পরীক্ষায় যারা উর্দু/আরবী/ফারসি/হিন্দি পড়েছে, তাদের জন্য উর্দু বিভাগের মোট আসনের ২৫% সংরক্ষিত থাকবে। উল্লেখ্য যে, যদি সংরক্ষিত আসনের বিপরীতে উপযুক্ত প্রার্থী না পাওয়া যায়, তবে সাধারণ নিয়মে বিভাগের আসন পূরণ করা হবে।
১২.	সংস্কৃত বিভাগ		সংস্কৃত বিভাগের পৃথক কোন শর্ত নাই।

অঃ পৃঃ দ্রঃ

১৩.	চিত্রকলা, প্রাচ্যকলা ও ছাপচিত্র বিভাগ		চিত্রকলা, প্রাচ্যকলা ও ছাপচিত্র বিভাগে MCQ পরীক্ষায় পাশ নম্বর হবে ৪০। ব্যবহারিক পরীক্ষায় ১০০ এর মধ্যে ৪০ নম্বর পেলে পাশ বলে গন্য হবে। শুধুমাত্র ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মেধাক্রম ও নির্ধারিত আসন সংখ্যা অনুযায়ী ভর্তি করা হবে, এখানে উল্লেখ্য পূর্বের কোন ফলাফল যুক্ত হবে না।
১৪.	মৃৎশিল্প ও ভাস্কর্য বিভাগ		মৃৎশিল্প ও ভাস্কর্য বিভাগে MCQ পরীক্ষায় পাশ নম্বর হবে ৪০। MCQ পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের ১০০ নম্বরের ব্যবহারিক পরীক্ষা হবে, যার পাশ নম্বর হবে ৪০। ব্যবহারিক পরীক্ষা সরাসরি মডেল (লাইভ) ড্রইং করতে হবে। MCQ পরীক্ষার ফলাফল প্রকাশের ৩য় দিন থেকে ৭ম দিনের মধ্যে ব্যবহারিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। শুধুমাত্র ব্যবহারিক পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধা তালিকা প্রস্তুত করা হবে।
১৫.	গ্রাফিক ডিজাইন, কারুশিল্প ও শিল্পকলার ইতিহাস বিভাগ		গ্রাফিক ডিজাইন, কারুশিল্প ও শিল্পকলার ইতিহাস বিভাগে MCQ পরীক্ষায় পাশ নম্বর হবে ৪০। MCQ পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের ১০০ নম্বরের ব্যবহারিক পরীক্ষা হবে, যার পাশ নম্বর হবে ৪০। MCQ পরীক্ষার ফলাফল প্রকাশের ৩য় দিন থেকে ৭ম দিনের মধ্যে এ বিভাগের ব্যবহারিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। উভয় পরীক্ষায় প্রাপ্ত গড় নম্বরের ভিত্তিতে এ বিভাগের মেধা তালিকা প্রস্তুত করা হবে।
১৬.	আইন বিভাগ		২০২০-২০২১ শিক্ষাবর্ষে এল.এল.বি প্রথম বর্ষ (সম্মান) শ্রেণীতে ছাত্র-ছাত্রী ভর্তির জন্য রাজশাহী বিশ্ববিদ্যালয় কর্তৃক গৃহীত ভর্তি পরীক্ষায় MCQ আইন অংশে ইংরেজিতে ন্যূনতম যোগ্যতাসূচক ৪০% নম্বর পেতে হবে।
১৭.	আইন ও ভূমি প্রশাসন		পরীক্ষার্থীর MCQ পরীক্ষার পূর্ণমান ১০০ ও পাশ নম্বর ৪০। MCQ এর ইংরেজি অংশের নির্ধারিত নম্বরের কমপক্ষে ৪০% নম্বর পেতে হবে।
১৮.	অর্থনীতি		ভর্তিচ্ছু শিক্ষার্থীদের উচ্চ মাধ্যমিক পর্যায়ে গণিত ২০০ নম্বরের/ অর্থনীতি ২০০ নম্বরের পঠিত হতে হবে এবং কমপক্ষে "A-" (A Minus) গ্রেড থাকতে হবে।
১৯.	রাষ্ট্রবিজ্ঞান		বিভাগের পৃথক কোন শর্ত নাই।
২০.	সমাজকর্ম		মোট আসন সংখ্যার ৭০% আসন উচ্চ মাধ্যমিকে মানবিক শাখার শিক্ষার্থী এবং অবশিষ্ট ৩০% আসন মানবিক শাখা ব্যতিত অন্যান্য শাখার শিক্ষার্থীদের (বিজ্ঞান ও বাণিজ্য শাখা হতে উত্তীর্ণ) জন্য সংরক্ষিত থাকবে।
২১.	সমাজবিজ্ঞান		বিভাগের পৃথক কোন শর্ত নাই।
২২.	গণযোগাযোগও সাংবাদিকতা		বিভাগের পৃথক কোন শর্ত নাই।
২৩.	ইনফরমেশন সায়েন্স এন্ড লাইব্রেরী ম্যানেজমেন্ট		বিভাগের পৃথক কোন শর্ত নাই।
২৪.	লোক প্রশাসন		বিভাগের পৃথক কোন শর্ত নাই।
২৫.	নৃবিজ্ঞান		ইংরেজীতে যোগ্যতাসূচক ৪০% নম্বর পেতে হবে। মোট আসন সংখ্যার ৬০% আসন উচ্চ মাধ্যমিকে বিজ্ঞান শাখার শিক্ষার্থীদের, ৩০% আসন উচ্চ মাধ্যমিকে মানবিক শাখার শিক্ষার্থীদের এবং ১০% আসন উচ্চ মাধ্যমিকে বাণিজ্য শাখার শিক্ষার্থীদের জন্য সংরক্ষিত থাকবে।
২৬.	ফোকলোর		বিভাগের পৃথক কোন শর্ত নাই।
২৭.	আন্তর্জাতিক সম্পর্ক		উচ্চ মাধ্যমিক শ্রেণীতে ইতিহাস, অর্থনীতি, সমাজবিজ্ঞান ও ভূগোল বিষয় যারা অধ্যয়ন করেছে তাদের আন্তর্জাতিক সম্পর্ক বিভাগে ১ম বর্ষ সম্মান শ্রেণীতে ভর্তির ক্ষেত্রে অগ্রাধিকার থাকবে এবং কোনক্রমেই তাদের সংখ্যা মোট আসন সংখ্যা ২০% এর কম হবে না।
২৮.	শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট		ইংরেজীতে যোগ্যতাসূচক ৪০% নম্বর পেতে হবে। মোট আসনের ২০টি উচ্চ মাধ্যমিকে বিজ্ঞান শাখা, ১৫টি উচ্চ মাধ্যমিকে মানবিক শাখা এবং ১৫টি উচ্চ মাধ্যমিকে বাণিজ্য শাখার শিক্ষার্থীদের জন্য সংরক্ষিত থাকবে।

অঃ পৃঃ দ্রঃ

B ইউনিট এর অধীন বিভাগ/ইনস্টিটিউট এর শর্তসমূহ:

২০২০-২০২১ শিক্ষাবর্ষে নিম্নলিখিত শর্তসমূহে বিবিএ প্রথমবর্ষ ভর্তি পরীক্ষার কার্যক্রম সম্পন্ন করা হবে:

শর্তসমূহ:

১। বাণিজ্য ও অ-বাণিজ্য (বিজ্ঞান ও মানবিক) উভয় গ্রুপের ছাত্র/ছাত্রীরা ভর্তি পরীক্ষায় আবেদন করতে পারবে।
২। বাণিজ্য ও অ-বাণিজ্য গ্রুপের ছাত্র/ছাত্রীদের নিম্নলিখিত বিষয়সমূহের উপর MCQ পদ্ধতিতে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে:

বাণিজ্য গ্রুপ (MCQ)			অ-বাণিজ্য গ্রুপ (MCQ)		
	বিষয়	নম্বর		বিষয়	নম্বর
ক)	বাংলা	১০	ক)	বাংলা	২০
খ)	ইংরেজী	২৫	খ)	ইংরেজী	৩০
গ)	ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা	২৫	গ)	সাধারণ জ্ঞান	২৫
ঘ)	হিসাববিজ্ঞান	২৫	ঘ)	আইসিটি	২৫
ঙ)	আইসিটি	১৫			
	মোট	১০০		মোট	১০০

প্রাথমিক আবেদনপত্র হতে B ইউনিটে ৪৫,০০০ (১৫,০০+১৫,০০০+১৫,০০০) পরীক্ষার্থী বাছাইয়ের ক্ষেত্রে ৬০% বাণিজ্য গ্রুপ হতে এবং ৪০% অ-বাণিজ্য গ্রুপ হতে নির্বাচন করা হবে।

৩) ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউট (আইবিএ)-তে ভর্তির জন্য ইংরেজীতে বাণিজ্য গ্রুপের পরীক্ষার্থীদের MCQ পরীক্ষায় ২৫ এর মধ্যে ন্যূনতম ১০ নম্বর এবং অ-বাণিজ্য গ্রুপের পরীক্ষার্থীদের ৩০ এর মধ্যে ন্যূনতম ১২ নম্বর পেতে হবে।

৪) B ইউনিটের অধীনস্থ বিভাগসমূহ ও আইবিএ এর আসনসংখ্যা নিম্নরূপ হবে ঃ

বিভাগ		আসন সংখ্যা			
		বাণিজ্য গ্রুপ	বিজ্ঞান গ্রুপ	মানবিক গ্রুপ	মোট
ক)	হিসাববিজ্ঞান ও তথ্য ব্যবস্থা বিভাগ	১০০	০৭	০৩	১১০
খ)	ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগ	৮৫	১২	০৩	১০০
গ)	মার্কেটিং বিভাগ	৮৫	২২	০৩	১১০
ঘ)	ফাইন্যান্স বিভাগ	৮৫	১২	০৩	১০০
ঙ)	ব্যাংকিং ও ইনস্যুরেন্স বিভাগ	৫০	০৮	০২	৬০
চ)	ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগ	২৫	০৪	০১	৩০
ছ)	ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউট (আইবিএ)	২৫	২০	০৫	৫০
	সর্বমোট	৪৫৫	৮৫	২০	৫৬০

৫) বিবিএ প্রথমবর্ষ ভর্তি পরীক্ষা ২০২০-২০২১-এর প্রাথমিক আবেদনপত্র জমা দেয়ার ক্ষেত্রে বাণিজ্য গ্রুপের ছাত্র/ছাত্রীদের রোল নম্বর শুরু হবে B-10001 হতে এবং অ-বাণিজ্য গ্রুপের ছাত্র/ছাত্রীদের রোল নম্বর শুরু হবে B-50001 হতে।

৬) ২০২০-২০২১ শিক্ষাবর্ষে বিবিএ প্রথমবর্ষ ভর্তি পরীক্ষায় (B ইউনিট) উচ্চ মাধ্যমিক পর্যায়ের কেবল মাত্র নিম্নলিখিত গ্রুপের/বিষয়ের ছাত্র/ছাত্রীরা অ-বাণিজ্য গ্রুপে ভর্তির জন্য আবেদনপত্র জমা এবং পরীক্ষা দেয়ার যোগ্য বলে বিবেচিত হবে:

Science, Humanities, Agro Machineries, Electrical Works and Maintenance, Electronic Control, Machine Tools Operations and Maintenance, General (MAD), Islamic Studies, Welding and Fabrication.

অঃ পৃঃ দ্রঃ

২০২০-২০২১ শিক্ষা বর্ষে ১ম বর্ষ স্নাতক /স্নাতক (সম্মান) C ইউনিটের

বিষয় ভিত্তিক পরীক্ষার মান বন্টন ও শর্তাবলী:

<table>
<tr><th>ইউনিট ও বিভাগ</th><th>প্রশ্নের ধরন</th><th>পরীক্ষার বিষয়, মান বন্টন ও বিশেষ শর্ত</th></tr>
<tr>
<td rowspan="3">
ইউনিট C:
১. গণিত
২. পদার্থবিজ্ঞান
৩. রসায়ন
৪. পরিসংখ্যান
৫. প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান
৬. ফার্মেসী
৭. পপুলেশন সায়েন্স এন্ড হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট
৮. ফলিত গণিত
৯. শারীরিক শিক্ষা ও ক্রীড়া বিজ্ঞান
১০. মনোবিজ্ঞান
১১. উদ্ভিদ বিজ্ঞান
১২. প্রাণিবিদ্যা
১৩. জেনেটিক ইঞ্জি: এন্ড বায়োটেকনোলজি
১৪. চিকিৎসা মনোবিজ্ঞান
১৫. মাইক্রোবায়োলজি
১৬. এগ্রোনোমী এন্ড. এগ্রি.এক্সটেনশন
১৭. ক্রপ সায়েন্স এন্ড টেকনোলজি
১৮. ফলিত রসায়ন ও রসায়ন প্রকৌশল
১৯. কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং
২০. ইনফরমেশন এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং
২১. ম্যাটেরিয়ালস্ সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং
২২. ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং
২৩. ভূগোল ও পরিবেশবিদ্যা
২৪. ভূ-তত্ত্ব ও খনিবিদ্যা
২৫. ফিশারীজ
২৬. ভেটেরিনারি এন্ড এনিমেল সায়েন্সেস
</td>
<td rowspan="3">MCQ</td>
<td>ভর্তি পরীক্ষা দু'টি স্ট্রিম-এ অনুষ্ঠিত হবে:
I) বিজ্ঞান স্ট্রিম (Science Stream):</td>
</tr>
<tr>
<td>
<u>মান বন্টন:</u>
<table>
<tr><th>শাখা</th><th>বিষয়</th><th>প্রশ্নের সংখ্যা</th><th>নম্বর</th><th>মোট নম্বর</th></tr>
<tr><td rowspan="3">ক (আবশ্যিক)</td><td>পদার্থ</td><td>২৫</td><td rowspan="3">১.২৫</td><td>৩১.২৫</td></tr>
<tr><td>রসায়ন</td><td>২৫</td><td>৩১.২৫</td></tr>
<tr><td>আই.সি.টি.</td><td>৫</td><td>৬.২৫</td></tr>
<tr><td>খ (ঐচ্ছিক)</td><td>গণিত/ জীববিদ্যা/ জীববিদ্যা+গণিত</td><td>২৫/২৫/১৩+১২</td><td>১.২৫</td><td>৩১.২৫</td></tr>
<tr><td colspan="2">মোট</td><td>৮০</td><td></td><td>১০০</td></tr>
</table>
</td>
</tr>
<tr>
<td>
<u>শর্তাবলী:-</u>

যে সকল ভর্তিচ্ছু শিক্ষার্থী ক সহ খ শাখার জীববিদ্যা + গণিত বিষয়ে উত্তর দিবে তারা C- ইউনিটের সব বিভাগে ভর্তির জন্য বিবেচিত হবে।
যে সকল ভর্তিচ্ছু শিক্ষার্থী ক সহ খ শাখার গণিত বিষয়ে উত্তর দিবে তারা শুধুমাত্র C-ইউনিটের গণিত, পদার্থবিজ্ঞান, রসায়ন, পরিসংখ্যান, পপুলেশন সায়েন্স এন্ড হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট, ফলিত গণিত, শারীরিক শিক্ষা ও ক্রীড়া বিজ্ঞান, ভূগোল ও পরিবেশবিদ্যা, ভূ-তত্ত্ব ও খনিবিদ্যা, মনোবিজ্ঞান, ফলিত রসায়ন ও রসায়ন প্রকৌশল, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং, ইনফরমেশন এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, ম্যাটেরিয়ালস্ সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগে ভর্তির জন্য বিবেচিত হবে।
যে সকল ভর্তিচ্ছু শিক্ষার্থী ক সহ খ শাখার জীববিদ্যা বিষয়ে উত্তর দিবে তারা শুধুমাত্র C-ইউনিটের ফার্মেসী, প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান, শারীরিক শিক্ষা ও ক্রীড়া বিজ্ঞান, ভূগোল ও পরিবেশবিদ্যা, মনোবিজ্ঞান, উদ্ভিদবিজ্ঞান, প্রাণিবিদ্যা, ভূ-তত্ত্ব ও খনিবিদ্যা, জেনেটিক ইঞ্জি: এন্ড বায়োটেকনোলজি, চিকিৎসা মনোবিজ্ঞান, মাইক্রোবায়োলজি, এগ্রোনোমী এন্ড. এগ্রি.এক্সটেনশন, ফিশারীজ, ভেটেরিনারি এন্ড এনিমেল সায়েন্সেস, ক্রপ সায়েন্স এন্ড টেকনোলজি বিভাগে ভর্তির জন্য বিবেচিত হবে।
ভর্তি পরীক্ষায় ক (আবশ্যিক) শাখায় ন্যূনতম ২৫ নম্বর
খ (ঐচ্ছিক) শাখায় ন্যূনতম ১০ নম্বর সহ
সর্বমোট ৪০ নম্বর না পেলে ভর্তি পরীক্ষায় অকৃতকার্য বলে বিবেচিত হবে।
শারীরিক শিক্ষা ও ক্রীড়া বিজ্ঞান বিভাগের বিজ্ঞান স্ট্রিম থেকে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের OMR শীটে নির্ধারিত পছন্দের ঘরটি অবশ্যই পূরণ করতে হবে। অন্যথায় শারীরিক শিক্ষা ও ক্রীড়া বিজ্ঞান বিভাগে ভর্তির জন্য বিবেচিত হবে না।

</td>
</tr>
</table>

অঃ পৃঃ দ্রঃ

II) অ-বিজ্ঞান স্ট্রিম (Non-Science Stream):

বিজ্ঞান ব্যতীত অন্যান্য শাখার প্রার্থীরা আবেদন করতে পারবে (যেমন- মানবিক, বাণিজ্য.............. ইত্যাদি)।

মান বন্টন:

শাখা	বিষয়	প্রশ্নের সংখ্যা	নম্বর	মোট নম্বর
ক	বাংলা	২৫	১.২৫	৩১.২৫
খ	ইংরেজী	২৫	১.২৫	৩১.২৫
গ	সাধারণজ্ঞান/ভূগোল/মনোবিজ্ঞান	৩০	১.২৫	৩৭.৫
	মোট	৮০		১০০

শর্তাবলী:-

- যারা অ-বিজ্ঞান স্ট্রিম-এ পরীক্ষা দিবে তারা শুধুমাত্র ভূগোল ও পরিবেশবিদ্যা, মনোবিজ্ঞান এবং শারীরিক শিক্ষা ও ক্রীড়া বিজ্ঞান বিভাগে ভর্তির জন্য বিবেচিত হবে।
- গ শাখার যারা ভূগোল বিষয়ে পরীক্ষা দিবে তারা শুধুমাত্র ভূগোল ও পরিবেশবিদ্যা বিভাগে, যারা মনোবিজ্ঞান বিষয়ে পরীক্ষা দিবে তারা শুধুমাত্র মনোবিজ্ঞান এবং যারা সাধারণ জ্ঞান বিষয়ে পরীক্ষা দিবে তারা ভূগোল ও পরিবেশবিদ্যা বিভাগ, মনোবিজ্ঞান এবং শারীরিক শিক্ষা ও ক্রীড়া বিজ্ঞান বিভাগে ভর্তির জন্য বিবেচিত হবে।
- শারীরিক শিক্ষা ও ক্রীড়া বিজ্ঞান বিভাগে ভর্তির জন্য বিজ্ঞান ও অ-বিজ্ঞান উভয় স্ট্রিমের উত্তীর্ণ পরীক্ষার্থীদের মধ্যে মেধাক্রমে নির্বাচিতদের ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য আহ্বান করা হবে। লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় প্রাপ্ত নম্বর এবং খেলাধুলায় রা: বি: কর্তৃক নির্ধারিত জাতীয়/আন্তর্জাতিক পর্যায়ে স্বীকৃত সনদ নম্বরের ভিত্তিতে মেধাতালিকা প্রদান করা হবে। ব্যবহারিক পরীক্ষার সময় ও তারিখ পরে জানানো হবে। ব্যবহারিক পরীক্ষার নম্বর = ৩২।
- BKSP এর সনদ আছে এমন ভর্তিচ্ছুদের শুধুমাত্র শারীরিক শিক্ষা ও ক্রীড়া বিজ্ঞান বিভাগে ২০% বিশেষ কোটা সুবিধা থাকবে এবং তাদের ভর্তি পরীক্ষার পাশ নম্বর ২৫।

অ-বিজ্ঞান স্ট্রিম-এ নিম্নলিখিত বিভাগে আসন সংখ্যা:

- শারীরিক শিক্ষা ও ক্রীড়া বিজ্ঞান বিভাগ: ১৬ জন
- ভূগোল ও পরিবেশবিদ্যা বিভাগ: ১৬ জন
- মনোবিজ্ঞান বিভাগ: ২২ জন

বিশেষ দ্রষ্টব্যঃ প্রয়োজনে কর্তৃপক্ষ শর্তাবলী সংশোধন করতে পারবে।

স্বাঃ/-
(এ.এইচ.এম. আসলাম হোসেন)
উপ-রেজিস্ট্রার (একাডেমিক)
রাজশাহী বিশ্ববিদ্যালয়

স্বাঃ/-
(প্রফেসর ড. আনন্দ কুমার সাহা)
উপ-উপাচার্য
রাজশাহী বিশ্ববিদ্যালয়